# তারবিয়াতুস সালিক

## (আল্লাহ্‌প্রেমিকদের আত্মশুদ্ধির পথ)

## (১ম খণ্ড)

মূল

হাকীমুল উম্মত হযরত মাওলানা

**আশরাফ আলী থানভী রহ.**

অনুবাদ

হযরত হাফেজ্জী হুযূর রহ.-এর খলীফা আলহাজ

আবদুর রশীদ সাহেবের দুআ ও নির্দেশক্রমে

**মাওলানা মাসউদুর রহমান**

প্রকাশনায়

রাহনুমা প্রকাশনী™

## সূচীপত্র

### তরীকত বা তাসাওউফের হাকীকত

সুলূক বা তাসাওউফের সারমর্ম নিম্নরূপ-............................................ ৩১
হুকূকে তরীকত (তরীকতপন্থীদের করণীয়)............................................ ৩৩
পীরে কামেল চেনার উপায়............................................ ৩৭
শরীয়ত, তরীকত, মা'রেফাত ও হাকীকতের ব্যাখ্যা............................................ ৩৯
ইলমুল ইয়াকীন, আইনুল ইয়াকীন ও হাক্কুল ইয়াকীন এর ব্যাখ্যা............ ৪০
মুতাকাদ্দিমীন এবং মুহাক্কিকীন এর সাধনা পদ্ধতির পার্থক্য এবং
মুহাক্কিকগণের পদ্ধতির প্রাধান্য............................................ ৪০
উপকৃত হওয়ার জন্য পীর ও মুরীদের রুচি অভিন্ন হওয়া শর্ত এবং
হাকীমুল উম্মত হযরত থানভী রহ. এর ব্যতিক্রমী সংশোধনী রুচি........... ৭৪

### প্রথম অধ্যায়

### পীরের সোহবত ও বাইআতের বর্ণনা

বাইআতের উদ্দেশ্য দীনদারীর সংশোধন............................................ ৮০
যে পীরের অধিকাংশ মুরীদ বেনামাযী তিনি পীর হবার অযোগ্য............. ৮১
বেলায়াত (অলীত্ব) দান করা পীরের এখতিয়ারে নয়............................................ ৮১
কবীরা গুনাহের কারণে বাইআত বাতিল হয় না............................................ ৮১
মুরীদের উচিৎ পীরের নিকট খারাপ অবস্থাও প্রকাশ করা..................... ৮১
গুনাহের প্রতি ঘৃণা তৈরি হওয়ার পদ্ধতি সোহবত............................................ ৮২
মুর্শিদের সঙ্গে দূরত্ব না রেখে উপকৃত হতে হবে............................................ ৮২
শরীয়ত অমান্যকারী পীরের মুরীদ হওয়া জায়েয নেই..................... ৮৪
তাকমীল ও পূর্ণতার আলামত............................................ ৮৪
বাইআতের (মুরীদ করার) অনুমতি এবং যোগ্যতার শর্ত..................... ৮৪
নেসবত একটিই তবে... ............................................ ৮৫
নেসবত 'সল্ব' হয় না............................................ ৮৬
মুজাহাদা-সাধনা ছাড়াও নেসবত হাসিল হয়............................................ ৮৬
সাহেবে নেসবত চেনার পদ্ধতি............................................ ৮৭
সুলূকের চূড়ান্ত পর্যায় প্রাথমিক পর্যায়ের মতো............................................ ৮৭
'নেসবত' এবং 'রেযা' এর পার্থক্য............................................ ৮৭
পীরের তাওয়াজ্জুহের প্রভাব............................................ ৮৮

# তরীকত বা তাসাওউফের হাকীকত

## সুলূক বা তাসাওউফের সারমর্ম নিম্নরূপ-

(১) না তো তাসাওউফের মধ্যে কাশ্‌ফ ও কারামাত জরুরি।

(২) না এখানে কেয়ামতের ময়দানে নাজাত-মুক্তির জিম্মাদারী নেওয়া হয়।

(৩) না দুনিয়াবি কার্যোদ্ধারের অঙ্গীকার করা হয়। যেমন একথা বলা হয় না যে, পীরের তবিজ-কবচ দিয়ে সব কাজ হয়ে যাবে। মামলা-মোকদ্দমার জিত হয়ে যাবে। উপার্জনের মধ্যে উন্নতি হবে। ঝার-ফুঁক দিয়ে রোগ-বালাই সব দূর হয়ে যাবে। অথবা ভবিষ্যতের কথা জানিয়ে দেওয়া হবে।

(৪) না তো পীরের মধ্যে এমন কোনো রূহানী শক্তি থাকা জরুরি যে তার তাওয়াজ্জুহের মাধ্যমে আপনা আপনি মুরীদের আত্মশুদ্ধি ঘটে যাবে। তার মধ্যে গুনাহ করার কোনো ইচ্ছাই জাগবে না। আপনা আপনিই ইবাদত হতে থাকবে, মুরীদের জোরালো ইচ্ছাও করতে হবে না। অথবা মুরীদ শুধু পীরের তাওয়াজ্জুহের দ্বারা হাফেজ, আলেম হয়ে যাবে অথবা তার স্মরণশক্তি বেড়ে যাবে।

(৫) তাসাওউফের মধ্যে না এমন কোনো বাতেনি কইফিয়ত (মনের অবস্থা) সৃষ্টি হওয়ার অঙ্গীকার আছে যে, সর্বদা অথবা ইবাদতের সময় মুরীদ আনন্দে বিভোর হয়ে থাকবে। ইবাদতের মধ্যে মনে কোনো প্রকার খেয়াল, সংশয় ও ওয়াসওয়াসাই জাগবে না, খুব কান্না আসবে, এমন আত্মহারা অবস্থা তৈরি হবে যে, অন্য কোনো কিছুই আর মনে থাকবে না।

(৬) না যিকির ও শোগলের সময় নূর ইত্যাদি চোখে পড়া জরুরি, না কোনো গায়েবী আওয়াজ কানে আসা জরুরি।

(৭) না ভালো ভালো স্বপ্ন দেখা, না মনের মধ্যে জেগে উঠা বিভিন্ন বিষয় (এলহাম) সত্য হওয়া জরুরি। তাসাওউফের মধ্যে ঐ বিষয়গুলোর কোনোটাই জরুরি নয় এবং ঐগুলোর কোনোটাই তাসাওউফের লক্ষ্য-উদ্দেশ্যও নয়। আসল মাকসূদ বা মূল উদ্দেশ্য হল মহান আল্লাহ্‌কে সন্তুষ্ট করা, যার উপায় এই যে, শরীয়তের সকল আদেশ ও নিষেধ সম্পূর্ণরূপে মেনে চলতে হবে। সেই আদেশ-নিষেধের মধ্যে কিছু আছে বাহ্যিক অঙ্গ-প্রত্যঙ্গের সঙ্গে সম্পৃক্ত, যেমন নামায, রোযা, হজ্জ, যাকাত ইত্যাদি, যেমন বিয়ে, তালাক, স্বামী-স্ত্রীর

# তারবিয়াতুস সালিক

## (আল্লাহ্প্রেমিকদের আত্মশুদ্ধির পথ)

(২য় খণ্ড)

মূল

হাকীমুল উম্মত হযরত মাওলানা

**আশরাফ আলী থানভী রহ.**

অনুবাদ

হযরত হাফেজ্জী হুযূর রহ.-এর খলীফা আলহাজ

আবদুর রশীদ সাহেবের দুআ ও নির্দেশক্রমে

**মাওলানা মাসউদুর রহমান**

প্রকাশনায়

**রাহনুমা প্রকাশনী™**

# সূচীপত্র

## চতুর্থ অধ্যায়

### আ'মালের বর্ণনা


ওয়ায়েয শ্রোতাদের শোনা না শোনার পরোয়া করবে না.................... ২৯
মাদরাসা কায়েম করা সর্বশ্রেষ্ঠ আমল.................... ২৯
'দাওয়ামে আমল' এর হাকীকত.................... ২৯
ঘুমের কারণে তাহাজ্জুদ না পড়তে পারা অপরাধ নয়.................... ৩০
এশার পর তাহাজ্জুদ পড়া.................... ৩০
'গায়রেওয়াজিব' তরক করা শয়তানী কাজ নয়.................... ৩৩
বিবির অসহযোগিতার কষ্টও মুজাহাদা.................... ৩৩
তা'লীম ও তালকীন উপকারী, এর কষ্টগুলো মুসীবত নয়.................... ৩৫
ফজরের পূর্বে তিলাওয়াতে এবং মুনাজাতে মাকবুলে ক্ষতি নেই.................... ৩৭
রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে স্বপ্নে দেখার তামান্নার চেয়ে আমলের জরুরত বেশি.................... ৩৭
যিকির বা তিলাওয়াত শেষ করার পর দুআ.................... ৩৭
সফরে অযীফা ছুটে গেলে ক্ষতি নেই.................... ৩৮
তালীম ও নসীহত ত্যাগ করা উচিৎ নয়.................... ৩৯
তিলাওয়াতে কুরআনের ধরন.................... ৩৯
খ্যাতি লাভের জন্য ওয়াযের পেশা গ্রহণ নিষিদ্ধ.................... ৪০
দাওয়ামে আমল জরুরি.................... ৪১
এসলাহে আখলাক জরুরি.................... ৬৪
'আফযালুল আ'মাল' হাদীসগুলোর দ্বন্দ্ব নিরসন.................... ৬৪
তাহাজ্জুদ নামাযের ক্ষেত্রে শিথিলতার এলাজ.................... ৬৫
নামাযের সেজদায় কল্পনা.................... ৬৫
মুনঈমে হাকীকী (আসল দাতা)-এর সঙ্গে সম্পর্ক প্রশান্তিদায়ক.................... ৬৬
অত্যাধিক অল্প ঘুমানো উচিৎ নয়.................... ৬৯
মাঝে মাঝে ছুটলে 'খেলাফে দাওয়াম' নয়.................... ৭০
তালিবুল এলেম-এর তাহাজ্জুদ ও নফল পড়া.................... ৭০

সারাক্ষণ আল্লাহ্ তাআলার স্মরণের আকাঙ্ক্ষা.............................. ৪৮১
কলবি মলিনতার এলাজ.............................................................. ৪৮৩
চূড়ান্ত সুলুকের আহ্ওয়াল (এক খলিফার চিঠি)................................ ৪৮৩
তেলাওয়াতের সময় হালের তীব্রতায় আল্লাহ্ শব্দ উচ্চ আওয়াজে বলা....... ৪৮৪
আয়-উপার্জনের টানাটানির চিন্তার এলাজ........................................ ৪৮৪
মুসলিম জাতীর প্রতি সমবেদনা..................................................... ৪৮৪
যওক ও খুশূ' বিভিন্ন প্রকার.......................................................... ৪৮৪
সার্বক্ষণিক হুযূর.......................................................................... ৪৮৫
ইবাদতের আছর......................................................................... ৪৮৫
নৈরাশ্যের এলাজ......................................................................... ৪৮৫
স্বভাবগত ও যুক্তিগত বিষয়ের পার্থক্য.............................................. ৪৮৬
এত্তেবায়ে সুন্নত.......................................................................... ৪৮৭
দীনী কিতাবাদির আছরটাই কাম্য................................................... ৪৮৭
খালেকের চেয়ে মাখলূকের প্রতি ভীতি বেশি হওয়ার কারণ.................. ৪৮৮
হুকুকুল এবাদ নিয়ে চিন্তিত হওয়া................................................... ৪৮৮
তামকীন (সম্পর্কের দৃঢ়তা)এর আছর............................................. ৪৮৯
উরূজ ও নুজূল-এর আলামত.......................................................... ৪৯১
মানুষের এসলাহী খেদমতের দ্বারা সুলুকের উন্নতি হয়........................ ৪৯১
ভয় ও দুর্বলতার লক্ষণ................................................................. ৪৯২
নামাযের কবুলিয়াতের আলামত...................................................... ৪৯২
উন্স ও হায়বতের আছর.............................................................. ৪৯৩
সুকুনে কলবির জন্য স্থায়িত্ব........................................................... ৪৯৪
ফারায়েয ও নাওয়াফেলে খুশূ'-এর তারতম্যের কারণ.......................... ৪৯৪
এখতিয়ারী বিষয় এলাজযোগ্য গায়রে এখতিয়ারী বিষয় নয়.................. ৪৯৫

# চতুর্থ অধ্যায়
## আ'মালের বর্ণনা

### ওয়ায়েয শ্রোতাদের শোনা না শোনার পরোয়া করবে না

**হালঃ** জুম'আর নামাযের পর মানুষকে নসীহত করার একটি মা'মূল ছিল। শ্রোতাদের অমনোযোগিতা দেখে মনে হল- এই অমনোযোগিতার কারণ আমার নিজস্ব ত্রুটি। নতুবা তারা আকর্ষণ বোধ করত। আমার অযোগ্যতা ভেবেই ওয়ায করা ছেড়ে দিলাম।

**বিশ্লেষণঃ** ভুল করেছেন। আবার শুরু করুন। মনের মধ্যে রাখুন এই পংক্তি-

کس بشنود یا نشنود من گفتگوئی میکنم

অর্থঃ শুনলেও না, না শুনলেও না, আমার কথা বন্ধ হবে না।

### মাদরাসা কায়েম করা সর্বশ্রেষ্ঠ আমল

**হালঃ** মাদরাসা প্রতিষ্ঠার মাধ্যমে মানুষের এসলাহের চেষ্টা ও চিন্তা করে যাচ্ছি কিন্তু নিজের দিকে তাকালে একেবারে অন্ধকার দেখি। অন্যের জন্য আলো জ্বালছি অথচ নিজে থেকে যাচ্ছি অন্ধ।

**বিশ্লেষণঃ** অন্যের কল্যাণ চিন্তার কারণে, কল্যাণ পৌছে দেওয়ার বরকতে ইনশাআল্লাহ্ অন্ধ থাকবেন না। তাছাড়া মনে রাখবেন, মাদরাসা প্রতিষ্ঠার চেয়ে বড় আমল এ যুগে আর কিছু নেই।

### 'দাওয়ামে আমল' এর হাকীকত

**হালঃ** প্রথমত- আমি এমন বিশেষ কিছু আদৌ করতামই না, তারপরও আল্লাহ্র মেহেরবানীতে যা কিছু হত, আজকাল কিছু প্রতিবন্ধকতার কারণে সব উলট-পালট হয়ে গেছে। এখনো পর্যন্ত এলতেযামের সঙ্গে (নিয়মিত) অযীফা পড়া হয় না। যখনই এলতেযামের সঙ্গে অযীফা আদায় করতে থাকি, তখনই কোনো বাধা বা প্রতিকূলতা সামনে এসে পড়ে। যে কারণে নিয়মতান্ত্রিকতা দূরে থাক অযীফা আদায় করাই বন্ধ হয়ে যায়।

# তারবিয়াতুস সালিক

(আল্লাহ্প্রেমিকদের আত্মশুদ্ধির পথ)

(৩য় খণ্ড)

মূল
হাকীমুল উম্মত হযরত মাওলানা
আশরাফ আলী থানভী রহ.

অনুবাদ
হযরত হাফেজ্জী হুযূর রহ.-এর খলীফা আলহাজ
আবদুর রশীদ সাহেবের দুআ ও নির্দেশক্রমে
মাওলানা মাসউদুর রহমান

প্রকাশনায়
রাহনুমা প্রকাশনী™

# সূচীপত্র

## ষষ্ঠ অধ্যায়

## যিকির ও শোগল-এর বর্ণনা


ইচ্ছার কারণে মৌখিক যিকিরও প্রভাব সৃষ্টি করে------------------ ১৭
সুলতানুল আযকারের আলামত------------------------------------ ১৮
যিকিরের প্রভাব--------------------------------------------- ৩৪
যিকিরের সময় কান্না চাপলে না ঠেকানো, পরিমাণের
অতিরিক্ত যিকির প্রশংসনীয়------------------------------------ ৪৭
যিকিরের মধ্যে একাগ্রতা না হওয়ার চিকিৎসা---------------------- ৪৭
যে পরিমাণ যিকির সহজে করা সম্ভব সেটাই যথেষ্ট----------------- ৪৭
যিকরে খফী---------------------------------------------- ৪৮
স্থায়ী হুযূর অর্জনের পন্থা--------------------------------------- ৪৯
মৌখিক যিকির-------------------------------------------- ৪৯
অল্প অযীফাও যথেষ্ঠ-------------------------------------------- ৫০
যিকরে খফী ও গায়েবী সালামের জবাব------------------------ ৫১
যিকির ও শোগল-এর সকল আছর একই কিতাবে কেন নেই? ----- ৫২
তায়াম্মুম করে যিকির------------------------------------------ ৫২
জুনুবী ব্যক্তির হাত-মুখ ধুয়ে যিকির-শোগল করা------------------ ৫৩
সাধারণ মুরীদ উন্নতির পর পূর্বের তাসবীহ-তাহলীল
ত্যাগ করবে না------------------------------------------------ ৫৩
'আল্লাহু নাকি আল্লাহ'------------------------------------------- ৫৪
তালবীনের হালতে যিকির ও শোগলের পন্থা--------------------- ৫৪
শোগলের চেয়ে যিকিরের প্রাধান্য------------------------------- ৫৫
একই বৈঠকে সম্পূর্ণ করা উপকারী----------------------------- ৫৬
ক্লান্তির কারণে যিকির কমিয়ে দেওয়া---------------------------- ৫৬
পীরের কল্পনা-------------------------------------------------- ৫৬
যিকির ও ইবাদত সীমিত হওয়ার কারণ------------------------- ৫৭

মৃত ব্যক্তিদের থেকে উপকৃত হওয়া------------------------------ ৪০২
ব্যাপক দুআ ছাড়া বিশেষ বিশেষ দুআর হিকমত----------------- ৪০৩
মসজিদের মধ্যে ঘুমানো------------------------------------------ ৪০৩
নফল নামাযে সূরা ওয়াকিয়া ঈসালে সাওয়াব এবং অভাব
দূর করার নিয়তে পড়া------------------------------------------- ৪০৪
রচনা ও অনুবাদ কাজ করার জন্য সালিকের প্রতি শর্ত------------ ৪০৪
রোযার গায়রে ওয়াজিব ফিদ্‌য়ার আকারে যাকাত আদায় করা----- ৪০৫
সম্পদ সংরক্ষণ ও হেফাজত করা ইবাদত---------------------- ৪০৫
'মাজযুব'-এর সঙ্গে আচরণ----------------------------------- ৪০৭
আসবাব-উপকরণের দিকে নিসবতের হিকমত----------------- ৪১০
ঈসালে সাওয়াব------------------------------------------------- ৪১২
(মুবতাদীর জন্য) এখতিয়ারী গুনাহ এবং গায়রে এখতিয়ারী
বিষয় একই রকম------------------------------------------------ ৪১২
এশ্‌রাকে নফ্‌স ছাড়া 'হাদিয়া' গ্রহণ করা-------------------- ৪১৩
'মান্ আরাফা নফসাহু ফকাদ আরাফা রব্বাহু'-এর ব্যাখ্যা-------- ৪১৪
মুজাদ্দিদে আলফেসানী রাহ.-এর মাকতুবাতের একটি
বক্তব্যে সন্দেহের জবাব------------------------------------------ ৪১৫

## পরিশিষ্ট– প্রথম অধ্যায়

বাইয়াত হওয়ার ক্ষেত্রে তাড়াহুড়া ক্ষতিকর-------------------- ৪১৭
রূহে তরীক বা তরীকতের প্রাণ--------------------------------- ৪১৭
পীরের কাছে হালত জানানোর পদ্ধতি------------------------- ৪১৮
শায়খ বা পীর জরুরি কেন? ------------------------------------ ৪১৯

## পরিশিষ্ট– তৃতীয় অধ্যায়

গুনাহের চাহিদা হওয়ার এলাজ----------------------------------- ৪২১
রাগ-ক্রোধের এলাজ---------------------------------------------- ৪২৩
কিবির ও অহঙ্কারের চিকিৎসা---------------------------------- ৪২৪
'সম্পদের মোহ'-এর ওয়াস্‌ওয়াসার এলাজ-------------------- ৪২৬
বিভিন্ন ওয়াস্‌ওয়াসার এলাজ এবং দুআর হাকীকত-------------- ৪২৮

## ষষ্ঠ অধ্যায়
## যিকির ও শোগল-এর বর্ণনা

### ইচ্ছার কারণে মৌখিক যিকিরও প্রভাব সৃষ্টি করে

**হালঃ** ফজরের পূর্বে বার তাসবীহ আর ফজরের পর তের হাজার ইসমে যাত (আল্লাহ আল্লাহ যিকির) এরপর কুরআন মাজীদ মুখস্ত করা তারপর ছাত্রদের কিছু নাহু ছরফের কিতাব পড়ানো। যোহরের নামাযের পর বার হাজার ইসমে আযম যিকির এরপর বুখারী শরীফের মুতাআলা এরপর রাতে আবার কখনো কখনো দিনেও বড়পীর সাহেবের 'ফতুহুল গায়েব' মুতাআলা করা। মোটামুটি এই হল আমার সময়সূচী এবং অযীফার সূচী। তবে কোনো আমলেই মনোযোগ নেই। তাই মনে পড়ে নীচের এই পঙক্তির কথা।

بر زبان تسبیح ودردل گاؤ وخر - ایں چنیں تسبیح کے دارد اثر

মুখে মুখে আল্লাহ-খোদা দিলে ভরা গাঁই ও গাধা
লাভ কী রে তোর এই যিকিরে বল রে গাঁধা!

**বিশ্লেষণঃ** আল্লাহ জানেন কার রচনা এই পঙক্তি! অভিজ্ঞতা বলে যে, এই ধরনের যিকির ও তাসবীহের মধ্যেও প্রভাব আছে। আছর আছে। তবে শর্ত হল, ইচ্ছা থাকতে হবে তাৎক্ষণিক আছরের (অর্থাৎ খুশূর) এবং ভবিষ্যত আছরের (অর্থাৎ সাওয়াব ও সন্তুষ্টির)। এ-ধরনের কোনো আছর বা প্রভাবের ইচ্ছাই যদি না থাকে তাহলে–

اِنَّمَا الْاَعْمَالُ بِالنِّيَّاتِ

(সকল আমলের সাওয়াব ও প্রভাব নিয়তের উপর নির্ভরশীল)